




তাঁতা ট্রিটিউন

১০-০৭-২০২৪, অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ও ডায়জায়নের মধ্যে সমরোতা



সহকর্ম সঙ্গী

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং দক্ষিণ কোরিয়ার আন্তর্জাতিক সংস্থা ডায়জায়নের মধ্যে একটি সমরোতা স্মারক সহ হয়েছে। মঙ্গলবার (৯ জুনাই) রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে এই সমরোতা স্মারক সহ হয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ডায়জায়ন কোরিয়ার পরিবেশ মন্ত্রণালয়ে নির্বাচিত এবং আন্তর্জাতিক প্রকৃতি সংরক্ষণ ইউনিয়নের সদস্য। এই সমরোতার ফলে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বিদ্যুৎ এবং পানির মতো সম্পদগুলো সাধায়, সংরক্ষণ, পুনরায় ব্যবহার উপযোগী করার বিষয়ে সহায়তা করবে ডায়জায়ন। পাশাপাশি ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসকে আরও পরিবেশবান্ধব এবং টেকসই করার জন্য কী ধরনের উদ্যোগ নিতে হবে, সেদুর খুজে বের করবে সংস্থাটি। আগামী দুই বছরে ডায়জায়ন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অংশীদারিত্বে এই কাজগুলো করবে।

স্মারক সহ অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম. আশিক মোসাদ্দিক এবং ডায়জায়নের ভাইস-প্রেসিডেন্ট জায়েগুন কিম নিজ নিজ প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করেন। এ সময় আরও ছিলেন বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপারসন এবং সহযোগী অধ্যাপক ড. মাহিন ইসলামসহ শিক্ষক এবং ডায়জায়নের অন্যান্য প্রতিনিধি।